



বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড
(বিটিসিএল)
প্রধান কার্যালয়
টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন,
ঢাকা-১০০০
<http://www.btcl.gov.bd> | বিটিসিএল.বাংলা

নম্বর: ১৪.৩৩.০০০০.০০০.০২৬.১১.০০০২.২৩.১৩২

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৫ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: বিটিসিএল এর হিসাবরক্ষক পদে জনবল নিয়োগের নিমিত্ত প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে উক্ত পদে আবেদনকারীদের প্রতী সাধারণ নির্দেশনা এবং প্রাক-যাচাই পরীক্ষা ও লিখিত পরীক্ষা গ্রহণের তারিখ ঘোষণা প্রসঙ্গে।

বিটিসিএল এর হিসাবরক্ষক পদে জনবল নিয়োগের নিমিত্ত নিয়োগ বিজ্ঞপ্তি নং- ১৪.৩৩.০০০০.০২৬.১১.০০০২.২৩.৩, তারিখ: ৩০-১০-২০২৩ খ্রি. এবং পরবর্তীতে পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি নং- ১৪.৩৩.০০০০.০০০.০২৬.১১.০০০২.২৩.২, তারিখ: ২৭-০৩-২০২৫ খ্রি. প্রকাশ করা হয়েছিল।

উক্ত বিজ্ঞপ্তিসমূহের প্রেক্ষিতে যেসব প্রার্থী আবেদন করেছেন তাদেরকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

১। যোগ্য প্রার্থী বাছাই কার্যক্রম প্রাক-যাচাই পরীক্ষা, লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা এই ০৩ (তিন) ধাপে সম্পন্ন হবে;

২। বিটিসিএল এর হিসাবরক্ষক পদে নিয়োগের প্রাক-যাচাই পরীক্ষা ও উক্ত প্রাক-যাচাই পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি মোতাবেক অনুষ্ঠিত হবে:

পদের নাম	পরীক্ষার নাম	পরীক্ষার তারিখ ও দিন	সময়	পরীক্ষা কেন্দ্রের নাম	প্রবেশপত্র সংগ্রহের ওয়েব এড্রেস ও সময়
হিসাবরক্ষক	প্রাক-যাচাই পরীক্ষা	০২ জানুয়ারী ২০২৬ খ্রি. শুক্রবার	সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:০০ ঘটিকা	ব্যবসায় প্রশাসন অনুষদ (আইবিএ), ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত স্থাপনাসমূহ	https://btcl.teletalk.com.bd/ শীঘ্রই প্রবেশপত্র টেলিটকের মাধ্যমে বিতরণ করা হবে। এ সংক্রান্ত নোটিফিকেশন প্রার্থীদের আবেদনপত্রে উল্লেখিত মোবাইল নম্বরে প্রদান করা হবে। এমতাবস্থায়, প্রার্থীগণকে তাদের আবেদনপত্রে উল্লেখিত মোবাইল নম্বর সবসময় সচল রাখার জন্য নির্দেশনা প্রদান করা হলো।
	লিখিত পরীক্ষা (নির্বাচিত প্রার্থীদের জন্য)	০৯ জানুয়ারী ২০২৬ খ্রি. শুক্রবার	সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:০০ ঘটিকা		

৩। প্রার্থীগণকে ইউজার আইডি এবং পাসওয়ার্ড সঠিকভাবে পূরণপূর্বক উল্লিখিত ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহপূর্বক রঙিন প্রিন্ট করে নিতে হবে (প্রার্থীগণের নিকট ডাকযোগে কোন প্রবেশপত্র প্রেরণ করা হবে না)। একই প্রবেশপত্র প্রাক-যাচাই পরীক্ষা, লিখিত পরীক্ষা (নির্বাচিত প্রার্থীদের জন্য) এবং মৌখিক পরীক্ষা (নির্বাচিত প্রার্থীদের জন্য) এর জন্য ব্যবহৃত হবে।

৪। বর্ণিত সকল পরীক্ষার সময় অবশ্যই এই প্রবেশপত্র প্রদর্শন করতে হবে। প্রবেশপত্র ছাড়া কাউকে কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। এমতাবস্থায়, প্রার্থীগণকে তাদের স্ব স্ব প্রবেশপত্র সংরক্ষণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৫। প্রাক-যাচাই পরীক্ষা বহুনির্বাচনি (MCQ) ভিত্তিক হবে যাতে বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান এবং বিষয়ভিত্তিক প্রশ্ন থাকবে। প্রতিটি প্রশ্নের নম্বর হবে ০১ (এক)। বহুনির্বাচনি (MCQ) প্রশ্নের প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (দশমিক পাঁচ) নম্বর কর্তন করা হবে;

৬। প্রাক-যাচাই পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ১,০৪৭ মেধাক্রম পর্যন্ত প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন। মেধাক্রমের সর্বশেষ স্থানে সমান নম্বর প্রাপ্ত সকল প্রার্থী এই তালিকায় অন্তর্ভুক্ত থাকবে।

৭। লিখিত পরীক্ষায় বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান এবং বিষয়ভিত্তিক প্রশ্ন থাকবে;

৮। সকল ফলাফল বিটিসিএল ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং প্রার্থীগণকে এসএমএস এর মাধ্যমে এ বিষয়ে অবগত করা হবে;

৯। প্রাক-যাচাই পরীক্ষা, লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা এই ০৩ (তিন) ধাপে যাচাই কার্য সম্পন্ন করে চূড়ান্ত মেধা তালিকা প্রণয়ন করা হবে।

১০। বিশেষভাবে উল্লেখ্য যে, পরীক্ষা সংক্রান্ত নির্দেশনা বিটিসিএল ওয়েবসাইট (btcl.portal.gov.bd) এর "ক্যারিয়ার" সেকশনে প্রকাশ করা হবে এবং প্রার্থীগণকে এসএমএস এর মাধ্যমে বিষয়টি অবগত করা হবে। তাই আবেদনের সময় প্রদত্ত মোবাইল নাম্বার সবসময় সচল রাখার এবং বিটিসিএল এর ওয়েবসাইট সময় সময় পরিদর্শন করার জন্য প্রার্থীগণকে নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল এর নির্দেশ ও অনুমোদনক্রমে এই সাধারণ নির্দেশনা এবং প্রাক-যাচাই পরীক্ষা ও লিখিত পরীক্ষার সময়সূচি প্রকাশ করা হলো।



১৫-১২-২০২৫

মোঃ খালেদ মামুন

জিএম (আর এন্ড টি)

০২৪১০৩০১০৬

gm.rnt@btcl.gov.bd

জিএম, জিএম, এমডি এর সচিবালয় (বিটিসিএল ওয়েবসাইট ও বিটিসিএল ফেইসবুক পেইজে আপলোড এর অনুরোধসহ), ।

